নিম্ন বর্ণিত পক্ষদ্বয়ের তপসিল বর্ণিত ঘরভাড়া প্রদান সংক্রান্ত অদ্য খ্রিঃ ......... তারিখে চুক্তি সম্পাদিত হইল।

**১ম পক্ষ (মালিক)**

নামঃ...............................

পিতাঃ ...........................

গ্রামঃ .........., ডাকঘরঃ ..........

উপজেলাঃ .........., জেলাঃ ........।

**২য় পক্ষ (ভাড়াটিয়া)**

নামঃ...............................

পিতাঃ ...........................

গ্রামঃ .........., ডাকঘরঃ ..........

উপজেলাঃ .........., জেলাঃ ........।

বিসমিল্লাহির রাহমানির রাহিম। আমি প্রথম পক্ষ নাম.......... নিজ মালিকানাধীন বিল্ডিং যাহার দৈর্ঘ্য .........প্রস্থ.......... বর্গফুট আয়তনের প্রথম কক্ষ ভাড়া দেওয়ার প্রস্তাব করায় আপনি দ্বিতীয় পক্ষ ভাড়া নিতে আগ্রহ প্রকাশ করেন। যাহার মাসিক ভাড়া .............. টাকা মাত্র, জামানত ............. টাকা মাত্র প্রথম পক্ষকে প্রদান করেন এবং .....(কথায় ) বছর মেয়াদ পর্যন্ত উক্ত দোকান ঘর আপনি (দ্বিতীয় পক্ষ) আপনার নিকট ভাড়া প্রদান করিলাম। পরস্পর প্রস্তাব অনুযায়ী সংশ্লিষ্ট ব্যাপারে আলাপ আলোচনার মাধ্যমে পারস্পারিক মত বিনিময়ের প্রতিশ্রম্নতিতে আমরা উভয়ই নিম্ন বর্ণিত শর্তাবলী, ঐক্যমতে উপমিত হইয়া অদ্য ঘর ভাড়া চুক্তিপত্র সম্পাদন করিলাম। যাহা তারিখ......... খ্রিঃ হইতে কার্যকর হইবে। দ্বিতীয় পক্ষ নিম্ন বর্ণিত শর্ত মানিয়া লইয়া আমি প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষের ভাড়াকৃত ঘর স্থানীয় দখল হস্তান্তর করিলাম।

পারস্পারিক আরোপিত শর্তাবলী

১। এই ঘরের মাসিক ভাড়া ................. মাত্র।

২। প্রতি মাসের ভাড়া পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যেই পরিশোধ করিতে হইবে রশিদ এর মাধ্যমে।

৩। এই ঘর শুধুমাত্র ভাড়ার চুক্তিতে দ্বিতীয় পক্ষ ভাড়া লইলেন। প্রথম পক্ষ কোন রূপ পজিশন বিক্রয় করিলেন না। দ্বিতীয় পক্ষ ব্যতিত অন্য লোক ঘরে ব্যবসা করিতে পারিবেন না বা উপ ভাড়াটিয়া বসাতে পারিবেন না। যদি ব্যতিক্রম হয় তাহলে প্রথম পক্ষ ঘরে তালার উপর তালা মারিয়া দ্বিতীয় পক্ষকে উচ্ছেদ করিতে পারিবেন।



৪। মেয়াদ উত্ত্রীনের পূর্বেই দ্বিতীয় পক্ষ ঘর ছাড়িয়া দিতে চাহিলে তিন মাস পূর্বে প্রথম পক্ষকে অবহিত করিবেন। হিসাব নিকাশ অন্তে দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষের ক্ষয়ক্ষতি বাদ দিয়ে অবশিষ্ট অগ্রিম জামানতের টাকা দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষের নিকট হইতে ফেরত পাইবেন।

৫। চুক্তিনামা স্বাক্ষরের তারিখ হইতে (কত বছর সেটা) ............ বছরের মধ্যে কোন ভাড়াটিয়া ঘর ছাড়িয়া দিতে পারিবে না বা প্রথম পক্ষও ভাড়াটিয়াকে ঘর হতে বাহির করিতে পারিবে না।

৬। উক্ত ঘরে দ্বিতীয় পক্ষ নিজ দায়িত্বে বিদ্যুৎ সংযোগ লইবেন। বিল পরিশোধ করার দায়—দায়িত্ব দ্বিতীয় পক্ষের। পানি ও টয়লেট এর ব্যবস্থা প্রথম পক্ষ করিতে পারিবে না।

৭। দ্বিতীয় পক্ষ ব্যবহৃত ভাড়াকৃত এলাকায় যথাস্থানে লাগানো ফিটিং, ফিক্সিং, দেওয়াল, মেঝে সার্বিক রক্ষণাবেক্ষণের দায়—দায়িত্ব দ্বিতীয় পক্ষের উপর ন্যাস্ত থাকিবে। উল্লেখিত জিনিস পত্রের কোনরূপ ইচ্ছাকৃত বা অনাকাঙ্খিত ক্ষতি সাধনহলে, ক্ষতি সাধন দ্রব্যাদির ন্যায় যুক্তি সংগত ক্ষতিপূরণ প্রদান করিতে দ্বিতীয় পক্ষ বাধ্য থাকিবে। এক্ষেত্রে কোনরূপ আলোচনা বা সুপারিশ চলিবে না।

৮। দ্বিতীয় পক্ষ ভাড়াকৃত ঘরটির ব্যবসা সংক্রান্ত আইনগত কার্যক্রম পরিচালনা করিতে পারিবে। কোনরূপ বে—আইনী বা অসামাজিক কার্যকলাপ করা যাবে না।

৯। দ্বিতীয় পক্ষ ঘরটির মধ্যে দাহ্য বস্তুর ব্যবস্থা, রান্না—বান্না করিতে পারিবে না। সার, লবন, কীটনাশক, মিল কলকারখানা বসাতে পারিবে না। বে—আইনী কোন জিনিস রাখা সম্পূর্ণ নিষিদ্ধ।

১০। উক্ত ঘর ব্যাংক, বীমা বা কোন অর্থ লগ্ন প্রতিষ্ঠানের নিকট বন্ধকী রাখা যাইবে না। নৈশ্য প্রহরী, ঝাড়–দার ও ঘরের ব্যবসা সংক্রান্ত স্বার্থে যাবতীয় খরচাদী দ্বিতীয় পক্ষ বহন করিবে।

১১। প্রয়োজনবোধে পারস্পারিক স্বার্থে উভয় পক্ষ তাহাদের কত মাস (সেটা লিখতে হবে) মাসের নোটিশ প্রদানের মাধ্যমে অত্র সম্পাদিত চুক্তিনামা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ প্রথম পক্ষ করিতে পারিবে।

১২। দ্বিতীয় পক্ষ কোন অবস্থাতেই প্রথম পক্ষের বিনা অনুমতি ব্যতিরেকে দ্বিতীয় পক্ষের ভাড়াকৃত ঘরটির আকৃতি, কোন প্রকার পরিবর্তন, পরিবর্ধন বা মেরামত করিতে পারিবে না। চুনকাম করার প্রয়োজন দেখা দিলে দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষকে জানাইলে তিনি উক্ত কাজ নিজ দায়িত্বে করিয়া দিবেন।

১৩। অত্র চুক্তিপত্রের মেয়াদ তারিখ.......... খ্রিঃ হইতে তারিখ.......... খ্রিঃ সাল পর্যন্ত বহাল থাকিবে। চুক্তির মেয়াদ অন্তে উভয় পক্ষ আলোচনা সাপেক্ষে অত্র চুক্তিনামা বর্ধিত করা যাইতে পারে।

চলমান পাতা—০৩

**তপশিল চৌহদ্দি**

১৪। মৌজা— ... নং খোকসা, খতিয়ান— এস.এ— ...., আর.এস— ...., এস.এ দাগ— ..., আর.এস দাগ— ...., উত্তর— যাহার সম্পত্তি থাকবে তার নাম ও সম্পত্তির নাম, দক্ষিণে— যাহার সম্পত্তি থাকবে তার নাম ও সম্পত্তির নাম, পূর্বে— যাহার সম্পত্তি থাকবে তার নাম ও সম্পত্তির নাম, পশ্চিমে— যাহার সম্পত্তি থাকবে তার নাম ও সম্পত্তির নাম।

এতদার্থে সুস্থ্য শরীরে সরল অন্তকরণে অন্যের বিনা প্ররোচনায় নিজেদের মঙ্গলার্থে অত্র চুক্তি নামায় যাবতীয় শর্তাবলী অবগত হইয়া আমরা উভয় পক্ষ স্বেচ্ছায়, স্বজ্ঞানে অত্র চুক্তিনামায় স্বাক্ষর করিলাম।

স্বাক্ষীগণের নাম ঃ

১।

২। প্রথম পক্ষের স্বাক্ষর

৩।

দ্বিতীয় পক্ষের স্বাক্ষর